| ০১ | ৯ম প্রকল্প বাস্তবায়ন সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) এর গত ১৯/০৪/২০২১ খ্রিঃ তারিখে ৯ম প্রকল্প বাস্তবায়ন সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত যেমন, ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ক্রয় পরিকল্পনা অনুমোদন, ই-লার্নিং পদ্ধতিতে MINA গ্রুপের প্রশিক্ষণ প্রদান, ই-কমার্স বাস্তবায়নে রোড-শো টিভিসি নির্মাণ TOT এর কার্যক্রম গ্রহণ, কোভিড-১৯ এর পরিস্থিতিতে তথ্যকেন্দ্রের মাধ্যমে সীমিত পরিসরে সেবা প্রদান, অনলাইনে ই-জিপি প্রশিক্ষন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। এমআইএস সফটওয়্যারের মাধ্যমে তথ্যকেন্দ্রের কার্যক্রম পর্যবেক্ষনের লক্ষ্যে মনিটরিং টিম গঠনের কার্যক্রমে প্রতিনিধি না পাওয়ায় সম্পন্ন করা যায়নি। প্রতিনিধি মনোনয়নের জন্য পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। | ১০ম সভায় ৯ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কে অবহিত করা হয়েছে। |
| | | উপজেলা পর্যায়ে গঠিত MINA দলের সদস্যের বিষয়ে নির্বাহী পরিচালক জানতে চাইলে প্রকল্প পরিচালক বিস্তারিত আলোচনা করেন। | উপজেলা পর্যায়ে MINA দল গঠনের |

<table>
<tr><td></td><td></td><td>নির্বাহী পরিচালক সভায় উল্লেখ করেন বিয়ের পর মেয়েরা এক এলাকা থেকে অন্য এলাকায় চলে যায় এ কারণে দল গঠনের সময় এলাকার মেয়েদের পরিবর্তে এলাকার বধূদের মনোনয়নে প্রাধান্য দিতে হবে।</td><td>সময় এলাকার মেয়েদের পরিবর্তে বধূদের মনোনয়নে প্রাধান্য দিতে হবে।</td></tr>
<tr><td>০২</td><td>প্রকল্পের জনবল নিয়োগ সংক্রান্ত।</td><td>প্রকল্পের জনবল নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রকল্প পরিচালক বলেন তথ্যআপা:প্রকল্প (২য় পর্যায়) এর শূন্য পদসমূহ: প্রোগ্রামার-০১টি, সহকারি প্রোগ্রামার-০১টি, তথ্যসেবা কর্মকর্তা-৩৭টি (মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটি) এবং তথ্যসেবা সহকারী-৫৪টি (প্রকল্প কর্তৃক গঠিত কমিটি) পদ শূন্য রয়েছে। শূন্য পদ পূরনের লক্ষ্যে জনবল নিয়োগের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশসহ অনলাইনে আবেদন গ্রহণ করা হয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত অনলাইনের সর্বশেষ সময় পর্যন্ত প্রাপ্ত আবেদন সমূহ:<br>
<table>
<tr><th>পদের নাম</th><th>পদের সংখ্যা</th><th>প্রাপ্ত আবেদন</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>প্রোগ্রামার</td><td>০১টি</td><td>১৯০টি</td><td></td></tr>
<tr><td>সহকারি প্রোগ্রামার</td><td>০১টি</td><td>৫০৮টি</td><td></td></tr>
<tr><td>তথ্যসেবা কর্মকর্তা</td><td>৩৭টি</td><td>৩৫৯৬টি</td><td></td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>তথ্যসেবা সহকারী</td><td>৫৫টি</td><td>৭১২০ টি</td><td></td></tr>
</table>
বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস জনিত কারণে দেশব্যাপি লকডাউন থাকায় নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়নি। বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক হওয়ায় লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহনের মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা যেতে পারে। তথ্যসেবা সহকারীদের নিয়োগ পরীক্ষা জাতীয় মহিলা সংস্থা ও প্রকল্প পরিচালকের কার্যালয় কর্তৃক সম্পন্ন করার জন্য অবিলম্বে কার্যক্রম শুরু করতে হবে। এ প্রসঙ্গে নির্বাহী পরিচালক মহোদয় জানতে চান যাচাই বাছাই সম্পন্ন হয়েছে কিনা এবং জনাব শহিদুল্লাহ,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বলেন যাচাই বাছাই অনলাইনে সম্পন্ন করা যায় কিনা, এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক মহোদয় বলেন অনলাইনে যাচাই বাছাই করার পরে হাতে কলমে যাচাই বাছাই করা হবে।<br>
জনাব এস এম নাজিমুদ্দীন, পরিচালক, আইএমইডি, প্রকল্পের জনবল নিয়োগ সংক্রান্ত অগ্রগতি জানতে চান। জবাবে প্রকল্প পরিচালক মহোদয় বলেন নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের পর অনলাইন আবেদন গ্রহণ সম্পন্ন হয়েছে। eRecruitment System এ যাচাই-বাছাই শেষে সরেজমিনে যাচাই বাছাই করা হবে।</td><td>প্রকল্পের জনবল নিয়োগের অনলাইন আবেদন যাচাই বাছাই কমিটির সভা আহ্বানের জন্য আগামী ২৮/০৯/২০২১ তারিখের মধ্যে মন্ত্রনালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br><br>তথ্যসেবা সহকারীদের আবেদনপত্র যাচাই-বাছাই করে নিয়োগ পরীক্ষা কার্যক্রম গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে।</td></tr>
<tr><td>০৩</td><td>উঠান বৈঠকের সংখ্যা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।</td><td>তথ্যআপা:প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় গ্রামীণ সুবিধা বঞ্চিত মহিলাদের তথ্যকেন্দ্রে, বাড়ি-বাড়ি গিয়ে ও উঠান বৈঠকের মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম চলমান। কিন্তু করোনা ভাইরাস জনিত কারণে দেশব্যাপি লকডাউন থাকায় সীমিত পরিসরে সেবা প্রদান কার্যক্রম পরিচালনা করা হয়েছে। লকডাউন জনিত কারনে উঠান বৈঠক সাময়িক ভাবে বন্ধ থাকে এর ফলে প্রকল্পের নির্ধারিত সেবা প্রদানের লক্ষ্যমাত্রা পূরণ ব্যাহত হয়েছে। বর্তমানে কোভিড-১৯ এর প্রকোপ কিছুটা কম থাকায়/পরিস্থিতি স্বাভাবিক হওয়ায় তথ্যকেন্দ্রে প্রতি মাসে ২টি'র পরিবর্তে ৪টি করে উঠান বৈঠক করা যায়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সভাপতি মহোদয় পিএসসি সভায় উপস্থানের জন্য সুপারিশ করেন।</td><td>প্রতিমাসে উঠান বৈঠকের সংখ্যা ৪টি করার বিষয়ে পিএসসি সভায় উপস্থাপন করতে হবে।</td></tr>
<tr><td>০৪</td><td>উপজেলা নির্বাহী কর্মকর্তা/ চেয়ারম্যান,</td><td>প্রকল্প পরিচালক মহোদয় তথ্যআপা:প্রকল্প (২য় পর্যায়) এর ১ম সংশোধিত ডিপিপির পৃষ্ঠা নং-৬৬ অনুযায়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা/ জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যানগণের এক (০১) দিন মেয়াদি</td><td>• জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যানগণের নিয়ে সংস্থার প্রধান কার্যালয়</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যানগণের প্রশিক্ষন সংক্রান্ত। | প্রশিক্ষণের বিষয়ে উল্লেখ রয়েছে। কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হওয়ায় উপজেলা নির্বাহী কর্মকর্তাগণদের নিয়ে বিভাগীয় পর্যায়ে এবং জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যানগণের নিয়ে সংস্থার প্রধান কার্যালয়ে প্রশিক্ষণ প্রদনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | ঢাকায় প্রশিক্ষণ প্রদন করতে হবে।<br>* বিভাগীয় পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের প্রশিক্ষন কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>*বিভাগীয় পর্যায়ে প্রশিক্ষণ প্রদানকালে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে। |
| ০৫ | অবশিষ্ট ৪২টি তথ্যকেন্দ্রের মিনা দলের প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত। | গত অর্থবছর ৪৯০টি তথ্যকেন্দ্র হতে ০৫সদস্য বিশিষ্ট মিনা দলের প্রশিক্ষণ শুরু করে ৪৪৮টি তথ্যকেন্দ্রে মিনা (Mind Inspire to National Achievement) দলের সদস্যগণকে ই-লার্নিং পদ্ধতিতে ই-কমার্স ও প্রকল্প সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান সম্ভব হয়েছে। অবশিষ্ট ৪২টি তথ্যকেন্দ্রের মিনা দলের সদস্যগণকে চলতি অর্থবছরের অনলাইনে ই-লার্নিং প্রশিক্ষণ প্রদান করা হবে। | চলতি অর্থবছরে অবশিষ্ট ৪২টি তথ্যকেন্দ্রের মিনা দলের প্রশিক্ষণ প্রদান করতে হবে। |
| ০৬ | নতুন ২টি তথ্যকেন্দ্র প্রতিষ্ঠাকরণ প্রসঙ্গে। | তথ্যআপা: প্রকল্প (২য় পর্যায় ) এর ৪৯০টি উপজেলায় তথ্যকেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে। ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী কুমিল্লা জেলার লালমাই উপজেলা ও হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জ উপজেলায় তথ্যআপা প্রকল্পের কার্যক্রমে পরিচালনার জন্য অন্তর্ভুক্ত করা হয়েছে। নতুন ২টি তথ্যকেন্দ্র প্রতিষ্ঠা করে প্রকল্পের কার্যক্রম শুরু করা যায়। নতুন ২টি উপজেলায় তথ্যআপা প্রকল্পের কার্যক্রমের বিষয়ে উপজেলা প্রশাসনের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে প্রকল্প পরিচালক মহোদয় সভায় উপস্থাপন করেন। এছাড়াও তিনি বলেন তথ্যকেন্দ্র প্রতিষ্ঠা করতে হলে তথ্যসেবা কর্মকর্তা ও তথ্যসেবা সহকারীগণের নিয়োগ প্রদান করতে হবে। | নতুন ২টি তথ্যকেন্দ্র প্রতিষ্ঠাকরণের বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ০৭ | ২০২১-২০২২ অর্থবছরের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা। | প্রকল্প পরিচালক মহোদয় ২০২১-২০২২ অর্থবছরের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা সম্পর্কে সভায় আলোচনার সময় নিম্নোক্ত বিষয়গুলো উপস্থাপন করেনঃ<br>**২০২১-২০২২ অর্থবছরের কর্মপরিকল্পনা**<br>(১) নতুন ০২টি তথ্যকেন্দ্র প্রতিষ্ঠা করা;<br>(২) প্রকল্পের আওতাধীন প্রতিষ্ঠিত ৪৯২টি তথ্যকেন্দ্রের মাধ্যমে গ্রামীণ মহিলাদের তথ্যসেবা প্রদান;<br>(৩) ওয়েবপোর্টাল, তথ্যভান্ডার, তথ্যআপা আইপি টিভি এবং এমআইএস সফটওয়্যার এর বিষয় ভিত্তিক কন্টেন্ট তৈরী করা;<br>(৪) জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান (জেলা/উপজেলা, জামস) এর অংশগ্রহনে কর্মশালা/সেমিনার আয়োজন;<br>(৫) তথ্যআপা অ্যাপ এর মাধ্যমে গ্রামীণ মহিলাদের স্বাস্থ্য সেবা প্রদান;<br>(৬) তথ্যকেন্দ্রের মাধ্যমে গ্রামীণ মহিলা উদ্যোক্তদের ই-কমার্স সহায়তা প্রদান;<br>(৭) MINA দলের প্রশিক্ষণ প্রদান;<br>(৮) প্রকেল্পর প্রচার (টিভি বিজ্ঞাপন তৈরী ও সম্প্রচার, টিভিতে টেক্স স্ক্রলিং সম্প্রচার, ডিজিটাল মার্কেটিং [লাল সবুজ ডট কম], রোড-শো ইত্যাদি);<br>(৯) প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়ন। | *২০২১-২০২২ অর্থবছরের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম ও ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হবে।<br>* টিভি বিজ্ঞাপন প্রস্তুত পূর্বক প্রচার করতে হবে। টেক্স স্ক্রলিং সম্প্রচার করতে হবে।<br>* ৪৯০টি উপজেলায় ডিসেম্বর ২০২১ মাসে একযোগে রোর্ড-শো আয়োজন করতে হবে।<br>* চলতি অর্থ বছরে প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়ণ আইএম ইডি এবং তৃতীয় পক্ষ দিয়ে করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| | | **২০২১-২০২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনাঃ**<br>(১) e-GP/OTM এর মাধ্যমে প্রকল্পের প্রধান কার্যালয় এবং তথ্যকেন্দ্রের জন্য ইকুইপমেন্ট (প্রাথমিক স্বাস্থ্য উপকরন, স্মার্ট মোবাইল ফোন) ক্রয় কার্যক্রম সম্পন্ন করন;<br>(২) নতুন ০২টি তথ্যকেন্দ্রের জন্য আসবাবপত্র, কম্পিউটার ও সরঞ্জামাদি ক্রয় কার্যক্রম সম্পন্ন করন;<br>(৩) e-GP/OTM এর মাধ্যমে আউটসোর্সিং পদ্ধতিতে প্রকল্পের প্রধান কার্যালয়ে ব্যবহারের জন্য মাইক্রোবাস ভাড়া এবং প্রধান কার্যালয় ও তথ্যকেন্দ্রের জন্য জনবল (অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অফিস সহায়ক, সিকিউরিটি গার্ড) নিয়োগ কার্যক্রম সম্পন্ন করন। | |
| ০৮ | বিবিধ | ক) তথ্যসেবা কর্মকর্তা ও তথ্যসেবাসহকারীগনের রিফ্রেসার্স প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা;<br>খ) প্রকল্পের প্রচার সংক্রান্ত আলোচনা;<br>গ) জেলা পর্যায়ে সেমিনার/কর্মশালা আয়োজন। | * তথ্যসেবা কর্মকর্তা ও তথ্যসেবা সহকারীগনের রিফ্রেসার্স প্রশিক্ষণের সময় ও তারিখ নির্ধারন করতে হবে।<br>* জেলা পর্যায়ে সংবাদিক ও স্থানীয় প্রতিনিধিগণদের সম্পৃক্ত করে সেমিনার/ কর্মশালা আয়োজন করতে হবে। |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১/২১

(বেগম চেমন আরা তৈয়ব)
চেয়ারম্যান
জাতীয় মহিলা সংস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

বিষয়ঃ নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন (২য় পর্যায়) ২য় সংশোধনী শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (PIC) সভার কার্যবিবরণী।

গত ২৫/০৮/২০২১ খ্রিঃ তারিখ রোজ বুধবার বিকাল ৩.৩০ ঘটিকার সময় জাতীয় মহিলা সংস্থার ৭ম তলাস্থ সভাকক্ষে নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন (২য় পর্যায়) ২য় সংশোধন শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (PIC) ৮ম সভা অনলাইন জুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান চেমন আরা তৈয়ব (সাবেক সংসদ সদস্য)। সভায় উপস্থিত সদস্যবর্গের তালিকা পরিশিষ্ট 'ক' সন্নিবেশিত করা হলো।

০২। সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ পর্যায়ে তিনি নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন (২য় পর্যায়) ২য় সংশোধন প্রকল্পের প্রকল্প পরিচালক কে সভার কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানালে প্রকল্প পরিচালক আনুষ্ঠানিকভাবে সভার কার্যক্রম শুরু করেন।

০৩। অতঃপর সভার আলোচ্যসূচী মোতাবেক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.১ | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পটি বিগত ১৬/০৮/২০১৬ খ্রিঃ তারিখে একনেক সভায় ৮৬১৫.০০ লক্ষ (ছিয়াশি কোটি পনের লক্ষ) টাকা ব্যায়ে অনুমোদন লাভ করে এবং ২৯/০৯/২০১৬ খ্রিঃ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে প্রশাসনিক অনুমোদনের সরকারী আদেশ পাওয়া যায়। অতঃপর নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন (২য় পর্যায়) ১ম সংশোধন শীর্ষক প্রকল্পটি ২৩/০৩/২০২০ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক ৮৯৭৫.০০ লক্ষ (উনানব্বই কোটি পঁচাত্তর লক্ষ) টাকা ব্যায়ে অনুমোদিত হয় এবং ১৭/০৫/২০২০ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ের সরকারী আদেশ পাওয়া যায়। **গত ০৭/০১/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্প ষ্টিয়ারিং কমিটির সভায় করোনা প্রাদুর্ভাবের কারণে প্রশিক্ষণ ঘাটতি পূরণের জন্য প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধিকল্পে সংশোধিত ডিপিপি প্রণয়ন করে ২২/০২/২০২১ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ২য় সংশোধিত প্রস্তাবিত ব্যয় ৯৯৮৩.০০ লক্ষ (নিরানব্বই কোটি তিরাশি লক্ষ) টাকা। ব্যয় বৃদ্ধির হার ১১.২৩%। ২য় সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে অনুমোদনের পর্যায়ে রয়েছে।** প্রকল্পের শুরু হতে অর্থাৎ এপ্রিল, ২০১৭ হতে জুন, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৭৭১৮.৫৮ লক্ষ (সাতাত্তর কোটি আঠার লক্ষ আটান্ন হাজার) টাকা। ক্রমপুঞ্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতির হার ৭৭.৩১% ও ৮১.০০% (পূর্ণ প্রকল্পের)। এপ্রিল, ২০১৭ হতে জুন, ২০২১ পর্যন্ত ৭৫টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ৪২৩৫০ জন প্রান্তিক নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এদের মধ্যে হতে প্রায় ৪৫৯৩ জন উদ্যোক্তা তৈরী হয়েছে। চলতি ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ২২৫০.০০ লক্ষ (বাইশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে। আর্থিক ২২.৫৩% এবং বাস্তব ২১.০০% লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি অনুমোদন ব্যতীত চলতি অর্থ বছরের বরাদ্দ অর্থ অবমুক্ত করা যাবে না। আরডিপিপি অনুমোদনের পর পরই অর্থ ছাড় করা সম্ভব হবে। চলতি অর্থ বছরে ৭৫০০ জন প্রান্তিক নারীকে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। চলতি অর্থ বছরের আগষ্ট, ২০২১ মাস পর্যন্ত ৯৩৭ জন প্রান্তিক নারীকে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কোভিড- ১৯ এর প্রাদুর্ভাবের কারণে সরকার ঘোষিত লকডাউন প্রত্যাহারের পর ১১ আগষ্ট, ২০২১ হতে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। জুলাই, ২০২১ মাসের প্রশিক্ষণ ঘাটতি পূরণের জন্য শনিবার প্রশিক্ষণ কার্যক্রম চালু রাখা হয়েছে এবং সেপ্টেম্বর, ২০২১ মাস হতে শুক্রবার ও শনিবার প্রশিক্ষণ কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। | ২০২১-২২ অর্থ বছরের এডিপি বরাদ্দের বাস্তবায়ন অগ্রগতি শতভাগ অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| ৩.২ | ২০২১-২২ অর্থ বছরের প্রণয়নকৃত বার্ষিক কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুমোদন সংক্রান্তঃ | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্ম-পরিকল্পনা (Work Plan) এবং ক্রয় পরিকল্পনা (Procurement Plan) প্রণয়ন করে গত ২৭/০৭/২০২১ খ্রিঃ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রণয়নকৃত বার্ষিক কর্ম-পরিকল্পনা (Work Plan) এবং ক্রয় পরিকল্পনা সভায় অনুমোদন করা প্রয়োজন। এ বিষয়ে পরিকল্পনা কমিশনের প্রতিনিধি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি ও আইএমইডি'র প্রতিনিধি প্রণয়নকৃত বার্ষিক কর্ম-পরিকল্পনা (Work Plan) এবং ক্রয় পরিকল্পনা (Procurement Plan) উপর বিস্তারিত আলোচনা করেন এবং পরবর্তী পিএসসি (PSC) সভায় উপস্থাপনের জন্য অভিমত ব্যক্ত করেন। | চলতি ২০২১-২২ অর্থ বছরের প্রণয়নকৃত বার্ষিক কর্ম-পরিকল্পনা (Work Plan) এবং ক্রয় পরিকল্পনা (Procurement Plan) অনুমোদনের সুপারিশসহ পরবর্তী পিএসসি (PSC) সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৩.৩ | প্রকল্পের ৩য় পর্যায় প্রকল্পের সম্ভাব্যতা যাচাই সংক্রান্তঃ | জাতীয় মহিলা সংস্থা কর্তৃক পরিচালিত নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন (২য় পর্যায়) ১ম সংশোধন শীর্ষক প্রকল্পের গত ০৭/০১/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভায় ২.৩ নং সিদ্ধান্তের আলোকে নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন (৩য় পর্যায়) শীর্ষক নতুন প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করার নির্দেশনা পাওয়া যায়। এছাড়া নতুন প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য মাননীয় চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থার সভাপতিত্বে গত ২৮/১২/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ডিপিপি প্রণয়ন সংক্রান্ত সভায় ৩.৩ নং ক্রমিকে জাতীয় মহিলা সংস্থার তহবিল হতে ব্যয় নির্বাহ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্প স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত এবং প্রকল্পের ডিপিপি প্রণয়ন সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন (৩য় পর্যায়) শীর্ষক নতুন প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য গত ২৯/০৭/২০২১ খ্রিঃ তারিখে কোটেশন আহবান করা হয়েছে। প্রাপ্ত কোটেশন উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটির সভা গত ১৭/০৮/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। কোটেশন উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান এস ডি কনসালটেন্সি সার্ভিসেস বরাবর ২৩/০৮/২০২১ খ্রিঃ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়েছে। এ বিষয়ে পরিকল্পনা কমিশনের প্রতিনিধি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি ও আইএমইডি'র প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে বলেন, যেহেতু অনুমোদিত ডিপিপি/ আরডিপিপিতে ৩য় পর্যায়ের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য অর্থের সংস্থান না থাকায় জাতীয় মহিলা সংস্থার নিজস্ব তহবিল হতে যাচাইয়ের কাজ সম্পাদন করা হবে সেহেতু, পিআইসি সভায় আলোচনার প্রয়োজন নেই বলে মতামত ব্যক্ত করেন। | প্রকল্পের অনুমোদিত আরডিপিপিতে ৩য় পর্যায়ের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য অর্থের সংস্থান না থাকায় জাতীয় মহিলা সংস্থার নিজস্ব তহবিল হতে যাচাইয়ের কাজ সম্পাদন করা হবে বিধায় পিআইসি সভায় উপস্থাপন না করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৩.৪ | প্রকল্পের ৩য় পর্যায়ের আওতায় ডিপিপি প্রণয়নের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্র সংখ্যা, ট্রেড নির্ধারণ এবং অন্যান্য বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ সংক্রান্তঃ | নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন (২য় পর্যায়) ২য় সংশোধন শীর্ষক প্রকল্পের মেয়াদ ৩০, জুন ২০২২ তারিখে শেষ হবে। আরডিপিপি'র সংস্থান অনুযায়ী মোট ৭৫টি প্রশিক্ষণ কেন্দ্রের মধ্যে ঢাকা মহানগরীতে ১০টি, অন্যান্য ৬২ জেলা শহরে ৬২ টি এবং ৩ টি উপজেলায় (ভৈরব, কালিগঞ্জ ও বাকেরগঞ্জ) ৩টি প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। বর্তমানে প্রত্যেক জেলা শহরে ২-৩ টি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের স্থানীয় চাহিদা রয়েছে। প্রকল্পের ৩য় পর্যায়/ নতুন প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হলে নতুন ডিপিপি প্রণয়ণের ক্ষেত্রে প্রকল্প মেয়াদ কি হবে, প্রাক্কলিত ব্যয় কত হবে, কোন জেলায় কতটি কেন্দ্র থাকবে, উপজেলা পর্যায়ে এর ব্যাপ্তি থাকবে কিনা, এছাড়া নতুন ও পুরাতন কেন্দ্রসহ মোট কতটি প্রশিক্ষণ কেন্দ্র ও কি ধরণের কতটি ট্রেড হবে এ বিষয়ে সিদ্ধান্ত আবশ্যক। এ বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি, পরিকল্পনা কমিশনের প্রতিনিধি ও আইএমইডি'র প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে বলেন যে, ৩য় পর্যায়ের কার্যক্রম গ্রহণ / নতুন প্রকল্পের কার্যক্রম গ্রহণের বিষয়ে চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থার সভাপতিত্বে প্রকল্পের ডিপিপি প্রণয়ন সংক্রান্ত সভা আহবান করে সভার সুপারিশ পরবর্তী পিএসসি সভায় উপস্থাপন করা যেতে পারে। | ৩য় পর্যায়ের কার্যক্রম গ্রহণ / নতুন প্রকল্পের কার্যক্রম গ্রহণের বিষয়ে চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থার সভাপতিত্বে প্রকল্পের ডিপিপি প্রণয়ন সংক্রান্ত সভা আহবান করে সভার সুপারিশ পরবর্তী পিএসসি সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| ৩.৫ | উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণ সংক্রান্তঃ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন জাতীয় মহিলা সংস্থা পরিচালিত নগর ভিত্তিক মহিলা উন্নয়ন প্রকল্পের ১ম পর্যায়ের আওতায় (জুলাই/১৯৯৩ হতে জুন/১৯৯৬) প্রশিক্ষণ সমাপনকারী মোট ২০০০ জন মহিলাকে জুলাই/১৯৯৪ থেকে জুন/১৯৯৬ পর্যন্ত ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা ঋণ বিতরণ করা হয়। ১০% সার্ভিসচার্জ সহ মোট আদায় হয়েছে ১,১৫,০০,০০০/- (এক কোটি পনের লক্ষ) টাকা। আদায়ের হার ১০০%। ১ম পর্যায়ের সফল সমাপ্তির পর প্রকল্পের ২য় পর্যায়ের আওতায় (জুলাই/১৯৯৬ থেকে জুন/২০০৩ পর্যন্ত) সফলভাবে প্রশিক্ষণ সমাপনকারী মোট ৫০০০ জন মহিলাকে জুলাই/১৯৯৭ থেকে জুন ২০০৩ পর্যন্ত ৩,৪০,০০,০০০/- (তিন কোটি চল্লিশ লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়। ১০% সার্ভিসচার্জ সহ মোট আদায় হয়েছে ৩,৯১,০০,০০০/- (তিন কোটি একানব্বই লক্ষ) টাকা। আদায়ের হার ১০০%। নগর ভিত্তিক মহিলা উন্নয়ন প্রকল্পের ৩য় পর্যায়ে (জুলাই/২০০৩ থেকে জুন ২০০৮ পর্যন্ত) সরকারি পর্যায়ে কোন বরাদ্দ ছিল না। ৩য় পর্যায়ে ১ম ও ২য় পর্যায়ের আদায়কৃত ঘূর্ণায়মান ঋণ হতে মোট ২০৭২ জন মহিলাকে জুলাই/২০০৪ থেকে জুন ২০০৮ পর্যন্ত ৩,০৯,৭৫,০০০ /- (তিন কোটি নয় লক্ষ পঁচাত্তর হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়। ১০% সার্ভিসচার্জ সহ আদায় হয়েছে ২,৪৯,৯১,১৪৬/- (দুই কোটি উনপঞ্চাশ লক্ষ একানব্বই হাজার একশত ছিচল্লিশ) টাকা। আদায়ের হার ৭০%।<br><br>নগর ভিত্তিক মহিলা উন্নয়ন প্রকল্পের ১ম, ২য় ও ৩য় পর্যায়ে (জুলাই/১৯৯৩ হতে জুন/২০০৮পর্যন্ত) মোট বিতরণ করা হয় (১,০০,০০,০০০+৩,৪০,০০,০০০+ ৩,০৯,৭৫,০০০)=৭,৪৯,৭৫,০০০/-(সাত কোটি উনপঞ্চাশ লক্ষ পচাত্তর হাজার) টাকা। মোট আদায় হয় (১,১৫,০০,০০০+৩,৯১,০০,০০০+২,৪৯,৯১,১৪৬)= ৭,৫৫,৯১,১৪৬/-(সাত কোটি পঞ্চান্ন লক্ষ একানব্বই হাজার একশত ছিচল্লিশ) টাকা। বর্তমানে তিনটি ব্যাংকের ছয়টি হিসাবে মুনাফাসহ মোট জমা আছে মোট ৮,২৭,৩৪,১৮৩/- টাকা যা জাতীয় মহিলা সংস্থার তত্বাবধানে আছে। নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন (২য় পর্যায়) এর ডিপিপিতে (পৃ-৮) উল্লেখ রয়েছে যে, প্রশিক্ষিত ৪০০০ জন নারীকে জাতীয় মহিলা সংস্থার মাধ্যমে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে ঋণ বিতরন নীতিমালা অনুমোদন সাপেক্ষে ঘূর্ণায়মান তহবিল হতে ঋণ বিতরণ করা হবে। অদ্যাবধি নীতিমালা অনুমোদন হয়েছে কিনা এবং কোন ঋণ বিতরণ করা হয়েছে কিনা তা জানা যায় নি। এ বিষয়ে সিদ্ধান্ত আবশ্যক। সভার সভাপতি, চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা দ্রুত সময়ের মধ্যে মন্ত্রণালয়ের সাথে সভা করে আলোচনার মাধ্যমে নীতিমালা প্রণয়নপূর্বক এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন বলে সভায় অবহিত করেন। | জাতীয় মহিলা সংস্থা দ্রুত সময়ের মধ্যে মন্ত্রণালয়ের সাথে সভা করে আলোচনার মাধ্যমে নীতিমালা প্রণয়নপূর্বক উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |

০৪। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(স্বাক্ষর) ৮/১১/২৩

(চেমন আরা তৈয়ব সাবেক সংসদ সদস্য)
চেয়ারম্যান
জাতীয় মহিলা সংস্থা।

স্মারক নং-৩২.০২.০০০০.০০৫.০১.০০৫.১৬- ৮৯৯

তারিখঃ১২/০৭/২০২১ খ্রিঃ

অনুলিপি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। মহা-পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭), আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। নির্বাহী পরিচালক (অতিঃ সচিব), জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
০৩। প্রকল্প পরিচালক (অতিঃ সচিব), নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়), জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
০৪। যুগ্ম-সচিব (পরিঃ ও পরিসংখ্যান অধিশাখা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
০৫। পরিচালক (উপ-সচিব), জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
০৬। উপ-প্রধান, স্কাইসোয়াম উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৭। উপ-প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। উপ-সচিব (পরিঃ-১), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। উপ-পরিচালক (উপ-সচিব), জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
১০। উপ-সচিব (উন্নয়ন-১), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সহকারী পরিচালক (প্রকল্প), জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
১২। পি এ টু চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
১৩। অফিস কপি।

১২/০৭/২০২১

(নূরুন নাহার হেনা)
প্রকল্প পরিচালক (অতিঃ সচিব)
ফোন- ০২-২২২২২৮৪৪৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
"জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)"
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

বিষয়: "জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)'র ১৪তম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : চেমন আরা তৈয়ব, চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা ও সাবেক সাংসদ। |
| সভার তারিখ ও সময় | : ৮ সেপ্টেম্বর ২০২১, বেলা ৪:০০ ঘটিকা। |
| সভার স্থান | : সভাকক্ষ, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা। |
| উপস্থিতি | : পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত এবং শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অতঃপর সভাপতি প্রকল্প পরিচালককে আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। প্রকল্প পরিচালক সভাপতির সম্মতিক্রমে আলোচ্যসূচি উপস্থাপন করেন যা নিম্নরূপ:

**আলোচ্য সূচি-০১: বিগত সভার কার্যবিবরণী পাঠ, পর্যালোচনা ও অনুমোদন।**

| | |
|---|---|
| ১। | বিগত ১০ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত ১৩তম পিআইসি সভার কার্যবিবরণী পাঠ, পর্যালোচনা ও অনুমোদন। |
| **আলোচনা** | বিগত ১০ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত ১৩তম পিআইসি সভার কার্যবিবরণী পাঠ, পর্যালোচনা ও অনুমোদন করা হয় এবং সভায় বিগত পিআইসি সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিতে সন্তুষ্টি প্রকাশ করা হয়। |
| **সিদ্ধান্ত** | ১৪তম পিআইসি সভার গৃহীত সিদ্ধান্তসমূহ বিধিমোতাবেক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। |
| **বাস্তবায়নে** | নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা ও প্রকল্প পরিচালক। |

**আলোচ্য সূচি-০২: প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা।**

| | |
|---|---|
| **আলোচনা** | **বাস্তব অগ্রগতিঃ (প্রশিক্ষণ সংক্রান্ত):** প্রকল্প পরিচালক উল্লেখ করেন যে, "কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন" কোর্সে ৩৯০০৬ জন ও "গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া প্রোগ্রামিং" কোর্সে ৯৬০০ জনসহ মোট ৪৮৬০৬ (আটচল্লিশ হাজার ছয়শত ছয়) জন শিক্ষিত বেকার মহিলাদের অগ্রাধিকার প্রদানসহ আগ্রহী ছাত্রীদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের কর্মসংস্থান এবং যোগাযোগ প্রযুক্তি নির্ভর করে উদ্যোক্তা হওয়ার সুযোগ সৃষ্টি করার লক্ষ্যমাত্রা রয়েছে। এ পর্যন্ত "কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন" কোর্সে মোট ৩২৬০৯ জন এবং গ্রাফিক্স ডিজাইন ও মাল্টিমিডিয়া কোর্সে ৩২০২ জনসহ সর্বমোট ৩৫৮১১ জন শিক্ষিত বেকার মহিলাদের অগ্রাধিকার প্রদানসহ আগ্রহী ছাত্রীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২০-২১ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী জানুয়ারি-জুন ২০২১ সেশনে "কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন" এবং গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া প্রোগ্রামিং" কোর্সে ৩২০৩ জনের প্রশিক্ষন চলমান থাকলেও কোভিড-১৯ বৈশ্বিক মহামারীর কারণে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী পরীক্ষা স্থগিত রয়েছে এবং জুলাই-ডিসেম্বর ২০২১ সেশনে উভয় কোর্সে ৩২০০ জনের প্রশিক্ষণ চলমান রয়েছে। উল্লেখ্য, এ পর্যন্ত প্রশিক্ষণ সম্পন্নকারী মোট ৩৫৮০৮ জনের তথ্য ডাটাবেজে অর্ন্তভুক্ত করা হয়েছে। প্রশিক্ষণ শেষে সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরী পেয়েছেন ৩২২৩ জন, আউটসোর্সিং এর মাধ্যমে আয় করেন ৩৭১ জন এবং উদ্যোক্তা ৩৪৯ জন, ব্যবসা করে ৯১ জন এবং ৩১৭৭৪ জন অন্যান্য/ব্যক্তিগত/পারিবারিক কাজের মাধ্যমে আয় করে থাকেন। |

| | |
|---|---|
| | (খ) আর্থিক অগ্রগতিঃ<br>মোট সংশোধিত প্রাক্কলিত ব্যয় : সংশোধিত ডিপিপি অনুযায়ী ১১৮৭৯.২৫ লক্ষ টাকা।<br>ক্রমপুঞ্জিভূত আর্থিক অগ্রগতি : জুন ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত আর্থিক অগ্রগতি ৭৮৯৯.৩১ লক্ষ টাকা, শতকরা হার ৬৬.৫০% ।<br>২০২১-২২ অর্থ বছরের বরাদ্দ ও অগ্রগতি : ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ৭৪.০০ লক্ষ টাকা (রাজস্ব ৬০.০০ লক্ষ টাকা ও মূলধন ১৪.০০ লক্ষ টাকা)। প্রস্তাবিত বরাদ্দ ১৮৮৫.৫৬ লক্ষ টাকা (রাজস্ব ১২৯৬.০০ লক্ষ টাকা ও মূলধন ৫৮৯.৫৬ লক্ষ টাকা)।<br>সভাপতিসহ সকলে প্রশিক্ষন কার্যক্রমে অগ্রগতিতে সন্তুষ্টি প্রকাশ করেন এবং চলতি অর্থ বছরের বরাদ্দ সরকারী বিধি মোতাবেক ব্যয় করার জন্য নির্দেশ প্রদান করেন। |
| সিদ্ধান্ত | (ক) বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের সিলেবাস অনুযায়ী যথাসময়ে প্রশিক্ষণ কার্যক্রম শেষ করতে হবে এবং ৩ মাস পরপর প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষনার্থীদের হালনাগাদ তথ্য সংগ্রহ করতে হবে।<br>(খ) ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থ সরকারী বিধি মোতাবেক ব্যয় করতে হবে। |
| বাস্তবায়নে | নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, প্রকল্প পরিচালক। |

**আলোচ্য সূচি-০৩: ২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা, পর্যালোচনা ও অনুমোদন।**

| | |
|---|---|
| আলোচনা | প্রকল্প পরিচালক পুনরায় উল্লেখ করেন যে, ২০২১-২২ অর্থ বছরে এডিপি বরাদ্দ ৭৪.০০ লক্ষ টাকা (রাজস্ব ৬০.০০ লক্ষ টাকা এবং মূলধন ১৪.০০ লক্ষ টাকা) এবং প্রস্তাবিত বরাদ্দ ১৮৮৫.৫৬ লক্ষ টাকা (রাজস্ব ১২৯৬.০০ লক্ষ টাকা এবং মূলধন ৫৮৯.৫৬লক্ষ টাকা)। প্রস্তাবিত বরাদ্দের কর্মপরিকল্পনা পরিশিষ্ট-ক ও ক্রয় পরিকল্পনা পরিশিষ্ট-খ এ সদয় হয়ে দেখা যেতে পারে।<br>প্রশাসনিক মন্ত্রণালয়ের উপ-সচিব (পরিঃ-১) বলেন, "জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)" ও "তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প" শীর্ষক উভয় প্রকল্পের জন্য মন্ত্রণালয়ে বিশেষভাবে বরাদ্দ রাখা হয়েছে। উভয় প্রকল্পের প্রয়োজনীয় চাহিদা অনুযায়ী প্রকল্প পরিচালক মহোদয়গণ প্রস্তাব প্রেরণ করলে প্রশাসনিক মন্ত্রণালয় যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা পর্যালোচনা করে সভাপতিসহ উপস্থিত সকল সম্মানিত সদস্য মতামত প্রদান করেন যে, প্রয়োজনীয় বাজেট এ প্রকল্পের অনুকূলে বরাদ্দ সাপেক্ষে অনুমোদনের জন্য পিএসসি সভাকে সুপারিশ করা যেতে পারে। |
| সিদ্ধান্ত | ক) জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) ও "তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প" শীর্ষক দুই প্রকল্পের প্রকল্প পরিচালকগণ প্রয়োজনীয় চাহিদা অনুযায়ী মন্ত্রণালয়ের বিশেষ বরাদ্দ থেকে বাজেট বরাদ্দের জন্য প্রস্তাব পেশ করবেন।<br>খ) বাজেট বরাদ্দ সাপেক্ষে কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুমোদনের জন্য সুপারিশ করা হল। |
| বাস্তবায়নে | নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা ও প্রকল্প পরিচালক। |

**আলোচ্য সূচী-০৪: ২৩ জুন ২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৮ম পিএসসি সভার আলোচ্য সূচি ৩ এর সিদ্ধান্ত খ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

| | |
|---|---|
| **আলোচনা** | প্রকল্প পরিচালক উপস্থাপন করেন যে, ২৩ জুন ২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৮ম পিএসি সভার আলোচ্য সূচি ৩ এর সিদ্ধান্ত খ "এ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম জাতীয় মহিলা সংস্থার নিয়মিত কার্যক্রমে অন্তর্ভুক্তিসহ প্রকল্পের অনুমোদিত পদ, কর্মরত জনবল এবং মালামালসমূহ রাজস্ব খাতে স্থানান্তরের বিষয়ে জাতীয় মহিলা সংস্থা ৭ম পিএসসি সভার সিদ্ধান্ত অনুযায়ী স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব পেশ করবে। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে মন্ত্রণালয় পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে। পাশাপাশি এ প্রকল্পের জনবল রাজস্বখাতে স্থানান্তর সংক্রান্ত মামলা সমূহের বিষয়ে পর্যালোচনা করে করনীয় বিষয়ে ও প্রস্তাব জাতীয় মহিলা সংস্থা হতে প্রতিবেদন আকারে দাখিল করতে হবে। একই সাথে জনবল রাজস্বখাতে স্থানান্তরের বিষয়টি জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান মহোদয়ের সহযোগিতায় পরীক্ষা করে দেখতে হবে"।<br>এ বিষয়ে জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৬/০৮/২০২১ খ্রিঃ তারিখে প্রকল্প পরিচালকের কার্যালয় থেকে জাতীয় মহিলা সংস্থার নির্বাহী পরিচালক মহোদয় বরাবর <u>ইউও নোট</u> প্রদান করা হয়েছে। উল্লেখ্য, গত এডিপি সভায় পিআইসি সভার জোর সুপারিশসহ সেপ্টেম্বর মাসের মধ্যে পিএসসি সভা আহব্বানের জন্য নির্দেশনা রয়েছে।<br><br>এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন, ৯ম পিএসসি সভা আহব্বানের পূর্বে জরুরীভিত্তিতে নির্বাহী পরিচালক ও প্রকল্প পরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। আমাদের কোন অবহেলার দায়ভার মাননীয় প্রতিমন্ত্রী এবং সচিব মহোদয়কে যেন না নিতে হয়। তাই গুরুত্ব সহকারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| **সিদ্ধান্ত** | ৯ম পিএসসি সভা আহব্বানের পূর্বেই ৮ম পিএসসি সভার আলোচ্য সূচি ৩ এর সিদ্ধান্ত খ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| **বাস্তবায়নে** | নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা ও প্রকল্প পরিচালক। |

**আলোচ্য সূচী-০৫: ২৮/০৭/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত একনেক সভার সিদ্ধান্ত ৮.২ (খ) অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশ।**

| | |
|---|---|
| **আলোচনা** | প্রকল্প পরিচালক উল্লেখ্য করেন যে, ২৮/০৭/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত একনেক সভার সিদ্ধান্ত ৮.২ (খ) "নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের বাস্তবায়ন সম্পন্ন করতে হবে এবং পরবর্তীতে সংস্থার পরিচালন বাজেটের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে" মর্মে সচিব মহোদয়ের প্রতি নির্দেশনা রয়েছে।<br><br>আইএমইডি, একনেক কার্যক্রম বিভাগ ও প্রশাসনিক মন্ত্রণালয়ের উপস্থিত প্রতিনিধিগণ বলেন একনেক সভা সময়োপযোগী এবং সঠিক সিদ্ধান্ত নিয়েছে। এখন প্রশাসনিক মন্ত্রণালয়কে জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ উচিত।<br><br>এ বিষয়ে মাননীয় চেয়ারম্যান ও নির্বাহী পরিচালক মহোদয় বলেন, প্রশাসনিক মন্ত্রণালয়কে পত্রের মাধ্যমে এবং সচিব মহোদয়কে মৌখিকভাবে বর্ণিত সিদ্ধান্তের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হবে। |
| **সিদ্ধান্ত** | ২৮/০৭/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত একনেক সভার সিদ্ধান্ত ৮.২ (খ) অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশ করা হল। |
| **বাস্তবায়নে** | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা ও প্রকল্প পরিচালক। |

আলোচ্য সূচী-০৬: অত্র প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম জাতীয় মহিলা সংস্থার নিয়মিত কার্যক্রমে অন্তর্ভুক্তিসহ প্রকল্পের পদ, কর্মরত জনবল ও মালামালসমুহ রাজস্ব বাজেটে স্থানান্তরের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর এ প্রকল্পের সার-সংক্ষেপ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।

| | |
|---|---|
| আলোচনা | প্রকল্প পরিচালক বলেন যে, ২২/০৯/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১২তম পিএসসি সভার আলোচ্য সূচি ৩ এর সিদ্ধান্ত (খ) অনুযায়ী বর্ণিত বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে জাতীয় মহিলা সংস্থা থেকে ১৫/১১/২০২০ খ্রিঃ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। পুনরায় জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবারও পত্র প্রেরণ করা যেতে পারে।<br><br>সভাপতি মহোদয় বলেন, ২৮/০৭/২০২১ খ্রিঃ তারিখের সিদ্ধান্ত ৮ (খ) উল্লেখ পূর্বক এ প্রকল্পের জনবলসহ প্রশিক্ষণ কার্যক্রম রাজস্ব খাতে স্থানান্তরের জন্য মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সার-সংক্ষেপ প্রেরণের লক্ষ্যে পুনরায় পত্রের মাধ্যমে মন্ত্রণালয়কে অবহিত করা যেতে পারে। তিনি নির্বাহী পরিচালক ও প্রকল্প পরিচালককে সচিব মহোদয়ের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করেন। |
| সিদ্ধান্ত | অত্র প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম জাতীয় মহিলা সংস্থার নিয়মিত কার্যক্রমে অন্তর্ভুক্তিসহ প্রকল্পের পদ, কর্মরত জনবল ও মালামালসমুহ রাজস্ব বাজেটে স্থানান্তরের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর এ প্রকল্পের সার-সংক্ষেপ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের জন্য জোর সুপারিশ করা হল এবং জাতীয় মহিলা সংস্থা থেকে পুনরায় প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। |
| বাস্তবায়নে | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা ও প্রকল্প পরিচালক। |

আলোচ্য সূচী-০৭: বিবিধ

| | |
|---|---|
| আলোচনা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (পরিঃ-১) বিবিধ আলোচনায় অংশ গ্রহণ করে বলেন যে, আলোচ্য প্রকল্পের পিআইসি কমিটিতে একনেক ও কার্যক্রম বিভাগের কোন প্রতিনিধি নেই। তবে পিআইসি কমিটি গঠন অনুযায়ী বর্ণিত বিভাগের প্রতিনিধি থাকতে হবে। কো-অপ্টের মাধ্যমে এ বিষয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।<br>সভাপতি মহোদয় সকল সম্মানিত সদস্যগণের মতামত গ্রহণপূর্বক প্রস্তাবটি অনুমোদন করেন। |
| সিদ্ধান্ত | একনেক ও কার্যক্রম বিভাগের প্রতিনিধিগনকে কো-অপ্ট করা হল। |
| বাস্তবায়নে | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা ও প্রকল্প পরিচালক। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

(চেমন আরা তৈয়ব)
চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা
ও
সভাপতি
কেন্দ্রীয় প্রকল্প বাস্তবায়ন কমিটি

স্মারক নং: ৩২.০৩.০০০০.২০১.১৪.৩৫২.১৪-২২ তারিখঃ ০৯/০৯/২০২১

বিতরণ-সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. নির্বাহী পরিচালক (অতিঃ সচিব), জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।
২. যুগ্মপ্রধান, আইসোয়াম উইং, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা।
৩. প্রধান, জিইডি, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা।
৪. প্রধান কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা।
৫. প্রতিনিধি, এনইসি-একনেক এন্ড সমন্বয় শাখা, পরিকল্পনা বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা।
৬. মহাপরিচালক, আইএমইডি, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা ।
৮. যুগ্মসচিব (পরিঃ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপ সচিব (পরিঃ-১), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০. উপ সচিব (উঃ-১), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১. সহকারী পরিচালক (প্রকল্প বাস্তবায়ন), জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
১২. প্রোগ্রামার, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)।
১৩. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ), জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)।
১৪. সহকারী প্রোগ্রামার, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)।

(জি এন নজরুল হোসেন খান)
প্রকল্প পরিচালক (উপ-সচিব)
ও সদস্য সচিব
পিআইসি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.totthoapa.gov.bd

# প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার

উপর্যুক্ত বিষয়ের আলোকে চাহিত তথ্যাদির খসড়া পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো-

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন | | | | | | | | | | | | | |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | ২ | % | প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ | ৯৬% | লক্ষ্যমাত্রা | ২০% | ২৪% | ২৪% | ২৮% | - | - | - |
| | | | | | | অর্জন | ২০% | - | - | - | - | - | |

(এস এম নাজিমুদ্দিন ইসলাম)
উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ০২৪৮-৩২১০৪৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.totthoapa.gov.bd

# প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার

উপর্যুক্ত বিষয়ের আলোকে চাহিত তথ্যাদির খসড়া পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২১-২০২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ২ | তারিখ | তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) | ৩০/০৯/২০২১ | লক্ষ্যমাত্রা | ৩০/০৯/২০২১ | - | - | - | - | - | - |
| | | | | | | অর্জন | বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। | - | - | - | - | - | |
| ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) | PSC সভা: ৪টি | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | - | - | |
| | | | | | | অর্জন | - | - | - | - | - | - | |
| | | | | | PIC সভা: ৪টি | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | - | - | |
| | | | | | | অর্জন | ১ | - | - | - | - | - | |

(মীনা পারভীন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৪৮৩১১৫২১

তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২২
জাতীয় মহিলা সংস্থা,
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২

দপ্তর/সংস্থার নাম: জাতীয় মহিলা সংস্থা।
প্রকল্প: তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প
মন্ত্রণালয়/বিভাগ: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা /অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ২. আর্থিক ব্যবস্থাপনা........................... | | | | | | | | | | | | | |
| ২.২ প্রকল্পের PSC ও PIC সভার আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | প্রকল্প পরিচালক | PSC সভা: ৪টি | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | ১ | | |
| | | | | | | অর্জন | ১ | - | - | - | - | | |
| | | | | | PIC সভা: ৪টি | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | ১ | | |
| | | | | | | অর্জন | ১ | - | - | - | - | | |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | ২ | % | প্রকল্প পরিচালক | ১০০% | লক্ষ্যমাত্রা | ২৫% | ২৫% | ২৫% | ২৫% | - | | |
| | | | | | | অর্জন | - | - | - | - | - | | |

আনোয়ারা বেগম
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের
বিকাশ সাধন প্রকল্প
ফোন - ৯৩৩৬৪৭১।

পরিশিষ্ট

# জাতীয় মহিলা সংস্থার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা

## নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) ২য় সংশোধন

### ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন

### (জুলাই, ২০২১ হতে সেপ্টেম্বর, ২০২১)

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদনের সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ পদ | ২০২১- ২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন | | | | | | | | | | | | |
| ২.১ ২০২১- ২০২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ ওয়েবসাইটে প্রকাশ | ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | প্রকল্প পরিচালক | ৩০/০৯/২০২১ | লক্ষ্যমাত্রা | ৩০/০৯/২০২১ | | | | | |
| | | | | | | অর্জন | ২৭/০৭/২০২১ | | | | | |
| ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | প্রকল্প পরিচালক | PSC সভা : ২টি | লক্ষ্যমাত্রা | ১টি | | | ১টি | | |
| | | | | | | অর্জন | ১টি | | | | | |
| | | | | | PIC সভা : ৪টি | লক্ষ্যমাত্রা | ১টি | ১টি | ১টি | ১টি | | |
| | | | | | | অর্জন | ১টি | | | | | |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | ২ | % | প্রকল্প পরিচালক | ১০০% | লক্ষ্যমাত্রা | ২৫% | ২৫% | ২৫% | ২৫% | | |
| | | | | | | অর্জন | ২৫% | | | | | |

২৯/০৯/২...

(নুরুন নাহার বে...

প্রকল্প পরিচালক (অতি...

ফোনঃ ০২-২২২২...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
www.dbwctp64.gov.bd

স্মারক নং-৩২.০১.০০০০.২০১.০২.৩৪৯.১০-৪৮ তারিখঃ ২৯/০৩/২

বিষয়ঃ প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার।

উপর্যুক্ত বিষয়ের আলোকে চাহিত তথ্যাদির পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২২ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | সভা আয়োজিত | ১ | সংখ্যা | প্রকল্প পরিচালক | PSC সভা: ২টি | লক্ষ্যমাত্রা | ১ | - | ১ | - | - | - | |
| | | | | | | অর্জন | - | - | - | - | - | | |
| | | | | | PIC সভা: ৪টি | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | - | | |
| | | | | | | অর্জন | - | - | - | - | - | | |
| ১.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | ২ | % | প্রকল্প পরিচালক | ৯০% | লক্ষ্যমাত্রা | ২০% | ২০% | ২০% | ৩০% | | - | |
| | | | | | | অর্জন | - | - | - | - | - | | |

(জি.এম নজরুল হোসেন খান)
প্রকল্প পরিচালক (উপ-সচিব)
ফোনঃ ৫৮৩১৪৮০৪

নির্বাহী পরিচালক
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
[দৃঃ আঃ উপ-পরিচালক]

D:\SHOHUL ALAM\Report\Report for JMS\Suddachar

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

জাতীয় মহিলা সংস্থার ২০২১ ২০২২ অর্থ বছরের প্রতি কোয়ার্টারে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আর্থিক লেনদেন ৫০% নিশ্চিত করার লক্ষ্যমাত্রা রয়েছে। বর্তমানে পাইলট পরিকল্পনা অনুযায়ী ১০টি জেলা এবং ১০টি উপজেলা পর্যায়ের প্রশিক্ষণার্থীদের ভাতা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হচ্ছে। এছাড়া সংস্থার উদ্যোগে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯১ তম জন্মবার্ষিকী উপলক্ষে ২,০০০ জন দুঃস্থ অসহায় মহিলাকে মোবাইল ব্যাংকিং 'নগদ' এর মাধ্যমে জন প্রতি ২,০০০/- (দুই হাজার মাত্র) টাকা করে প্রদান করা হয়েছে।

১/১২/২২
(জি. এম রফিকুল ইসলাম)
পরিচালক (উপ- সচিব)
জাতীয় মহিলা সংস্থা।


"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

জাতীয় মহিলা সংস্থার ২০২১-২০২২ অর্থ বছরে সিটিজেন চার্টার অনুযায়ী সেবা গ্রহীতাদের সেবা প্রদান কোয়ার্টার ভিত্তিক ৫০% নিশ্চিতকরণের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে সংস্থার ৬৪টি জেলা ও ৫০টি উপজেলা শাখায় উঠান বৈঠকের মাধ্যমে জাতীয় জীবনের সর্বক্ষেত্রে মহিলাদের সচেতনতা বৃদ্ধির জন্য উদ্বুদ্ধ করা হয়। সংস্থার প্রধান কার্যালয়ে ট্রেড প্রশিক্ষণ (সেলাই ও এমব্রয়ডারি, ব্লক ও বাটিক, ক্যাটারিং, চামড়াজাত শিল্প) এর মাধ্যমে মহিলাদের কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। স্ব কর্ম সহায়ক ঋণদান কর্মসূচি ও ক্ষুদ্র ঋণের মাধ্যমে অর্থনৈতিক স্বাবলম্বিতা অর্জনে মহিলাদের সহায়তা প্রদান করা হয়। সংস্থার নারী নির্যাতন প্রতিরোধ সেলের মাধ্যমে বিনামুল্যে মহিলাদের আইনগত সহায়তা প্রদান করা হয়।

(জি. এম রফিকুল ইসলাম)
পরিচালক (উপ- সচিব)
জাতীয় মহিলা সংস্থা।




অ আ ই
ঈ উ ঊ
ঋ এ ঐ
ও ঔ



# জাতীয় মহিলা সংস্থা

## শহীদ আইভি রহমান কর্মজীবী মহিলা হোস্টেল

## ১৪৫ নিউ বেইলী রোড,ঢাকা।

নাম ঃ শহীদ আইভি রহমান কর্মজীবী মহিলা হোস্টেল, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।

প্রতিষ্ঠা ঃ এপ্রিল, ২০০৭

সীট সংখ্যা ঃ ২০২টি

গেস্ট রুম ঃ ২টি কক্ষ (শুধুমাত্র বোর্ডারদের মা/বোন/নিকট আত্মীয়াদের সাময়িকভাবে অবস্থান করার জন্য ভাড়া দেয়া হয়)। রুম ভাড়া-৭৫০/- (এটাস্ট বাথরুম)
৫০০/- (কমন বাথরুম)

বর্তমান বোর্ডার সংখ্যা ঃ ১৮৩ জন

সীট সংখ্যা এবং সীটভাড়া ঃ

| কক্ষের ধরন | কক্ষের সংখ্যা | সীটভাড়া (আনুষাঙ্গিকসহ) |
|---|---|---|
| সিঙ্গেল | ৩০টি | ৪,৪৫০/- (৩,৮০০/-+ ৬৫০/-) |
| ডাবল | ১০টি | ৩,৪৫০/- (২,৮০০/-+ ৬৫০/-) |
| ৪ সীট | ৩টি | ২,৭০০/-(২,০৫০/-+ ৬৫০/-) |
| ৬ সীট | ৭টি | ২,০৫০/- (১,৪০০/-+ ৬৫০/-) |
| ৭ সীট | ৬৪টি | ১,৮৫০/- (১,২০০/-+ ৬৫০/-) |

হোস্টেলের সার্বিক অবস্থা ঃ এপ্রিল ২০০৭ সাল থেকে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন জাতীয় মহিলা সংস্থার ঢাকাস্থ প্রধান কার্যালয়, ১৪৫ নিউ বেইলী রোডে ৯ম তলা থেকে ১২ তলা পর্যন্ত কর্মজীবী মহিলাদের নিরাপদ আবাসনের সুবিধা প্রদানের জন্য শহীদ আইভি রহমান কর্মজীবী মহিলা হোস্টেলটি সংস্থার তত্ত্বাবধানে চালু করা হয়। হোস্টেলে বিদ্যমান ২০২টি সীটের মধ্যে অক্টোবর/২০২১ মাসে ১৮৬ জন বোর্ডার অবস্থান করছেন।

হোস্টেল পরিচালনা নীতিমালার সংস্থান অনুযায়ী সরকারী,বেসরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত ও বিধিবদ্ধ সংস্থায় কর্মরত মহিলাদের আবাসনের ব্যবস্থা রয়েছে। মূলতঃ যাদের ঢাকায় আবাসনের ব্যবস্থা নেই তারা হোস্টেলে ভর্তির জন্য অগ্রাধিকার পেয়ে থাকেন।

শহীদ আইভি রহমান কর্মজীবী মহিলা হোস্টেলে সীট ভাড়া ছাড়াও আনুষাঙ্গিক ফি বাবদ (বিদুৎ, পানির বিল সহ জেনারেটর, লিফট, টেলিভিশন, [redacted]র,পত্রিকা ও ইন্টারনেট বিল ইত্যাদি) ৬৫০/- টাকা এবং ব্যক্তিগত ইস্ত্রি ব্যবহারের জন্য ১০০/- টাকা হারে আদায় করা হয়।

বোর্ডারদের উল্লিখিত সুবিধা সহ হোস্টেল ক্যান্টিনে তিন বেলা নির্ধারিত মূল্যে খাবার সরবরাহ করা হয়। এছাড়া সপ্তাহে এক দিন এবং বিশেষ দিবসগুলোতে উন্নত খাবার পরিবেশন করা হয়। গত জুন ২০২১ মাস থেকে অনলাইন ভিত্তিক হোস্টেল ম্যানেজমেন্ট সিস্টেম চালু হয়েছে।

ফিরোজা আহমেদ
হোস্টেল সুপার
শহীদ আইভি রহমান
কর্মজীবী মহিলা হোস্টেল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মহিলা সংস্থা
কর্মজীবী মহিলা হোস্টেল

নং- : 54115 তারিখ :

:

নং- : ভর্তি ফিস বাবদ :

ভাড়া বাবদ :

খরচ বাবদ :

বাবদ :

খরচ বাবদ :

সর্বমোট (টাকা) :

(কথায়) :

স্বাক্ষর

হোস্টেল সুপারিনটেনডেন্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মহিলা সংস্থা
**কর্মজীবী মহিলা হোস্টেল**
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

তারিখ ঃ

নং- ঃ 56123

ভর্তি ফিস বাবদ ঃ

বাবদ ঃ

খরচ বাবদ ঃ

বাবদ ঃ


খরচ বাবদ ঃ

সর্বমোট টাকা ঃ

ঃ

স্বাক্ষর

হোস্টেল সুপারিনটেনডেন্ট



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মহিলা সংস্থা
**কর্মজীবী মহিলা হোস্টেল**
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

[illegible] নং- : 551 তারিখ : [illegible]

[illegible] : [illegible]

[illegible] : [illegible] ভর্তি ফিস বাবদ : [illegible]

[illegible] বাবদ : [illegible]

[illegible] খরচ বাবদ :

[illegible] বাবদ :

[illegible] খরচ বাবদ :

সর্বমোট (টাকা) : [illegible]

[illegible] : [illegible]

[illegible] স্বাক্ষর

হোস্টেল সুপারিনটেনডেন্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মহিলা সংস্থা
**কর্মজীবী মহিলা হোস্টেল**
[illegible], নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

রশিদ নং- ঃ 54179 তারিখ ঃ 22/07/2020

নাম ঃ [illegible]

কক্ষ নং- ঃ [illegible] ভর্তি ফিস বাবদ ঃ

সীট ভাড়া বাবদ ঃ

আনুষাংগিক খরচ বাবদ ঃ [illegible]/-

জরিমানা বাবদ ঃ

বৈদ্যুতিক খরচ বাবদ ঃ

সর্বমোট (টাকা) ঃ [illegible]/-

টাকা (কথায়) ঃ [illegible]

প্রদান রকম ও স্বাক্ষর

হোস্টেল সুপারিনটেনডেন্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মহিলা সংস্থা
কর্মজীবী মহিলা হোস্টেল
541 [illegible] রোড, ঢাকা-১০০০
103

রশিদ নং- ঃ ________ তারিখ ঃ ২২/০৭/২১

নাম ঃ [illegible]

কক্ষ নং- ঃ ১২০৬ ভর্তি ফিস বাবদ ঃ ________

সীট ভাড়া বাবদ ঃ সেপ্টেম্বর-২১ = ১৫০০/-

আনুসাংগিক খরচ বাবদ ঃ /

জরিমানা বাবদ ঃ /

বৈদ্যুতিক খরচ বাবদ ঃ /

সর্বমোট (টাকা) ঃ ১৫০০/-

টাকা (কথায়) ঃ [illegible]

হিসাব রক্ষকের স্বাক্ষর হোস্টেল সুপারিনটেনডেন্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মহিলা সংস্থা
**কর্মজীবী মহিলা হোস্টেল**
১৫০, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

54183

রশিদ নং- ঃ ____________ তারিখ ঃ [illegible]

নাম ঃ [illegible]

কক্ষ নং- ঃ [illegible] ভর্তি ফিস বাবদ ঃ ____________

সীট ভাড়া বাবদ ঃ [illegible]

আনুসাংগিক খরচ বাবদ ঃ ____________

জরিমানা বাবদ ঃ ____________

বৈদ্যুতিক খরচ বাবদ ঃ ____________

সর্বমোট (টাকা) ঃ [illegible]

টাকা (কথায়) ঃ [illegible]

[illegible]
হিসাব রক্ষকের স্বাক্ষর

[illegible]
হোস্টেল সুপারিনটেনডেন্ট


অদ্য ২২/০৯/২০২২ তারিখ দুপুর ১২.১৫ মিঃ ডে কেয়ার সেন্টার, জাতীয় মহিলা সংস্থা প্রধান কার্যালয় পরিদর্শন করি। পরিদর্শনের সময় ডেকেয়ার সেন্টারে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। কোভিড ১৯-এর কারণে বাচ্চার উপস্থিতি খুবই কম।

- বাচ্চাদের প্রতি আরও যত্নশীল হওয়ার জন্য ডে-কেয়ার সেন্টারে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের পরামর্শ প্রদান করা হলো।

Sultana
22.09.202

[illegible]

নাসরিন সুলতানা
নাসরিন সুলতানা
ডে-কেয়ার ইনচার্জ
জাতীয় মহিলা সংস্থা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়






FENDI
KATE
78